

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সিটিজেন চার্টার:

১. হাসপাতালে চিকিৎসা সেবা সকলের অধিকার।
২. বহিঃবিভাগ সকাল ৮.৩০ ঘটিকা হতে ২.৩০ ঘটিকা পর্যন্ত (সরকারী ছুটি ছাড়া)।
৩. জরুরী বিভাগ ২৪ ঘন্টা খোলা (সকল ছুটির দিনেও)
৪. বহিঃ বিভাগে বিদ্যমান সুযোগ-সুবিধা অনুযায়ী সকল ধরনের চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
৫. সরবরাহ সাপেক্ষে ঔষধসমূহ বিনামূল্যে প্রদান তবে চিকিৎসার প্রয়োজনে কোন ঔষধ সেবাগ্রহীতাকে কেন্দ্রের বাহির হতে সেবা গ্রহীতাকে ক্রয় করতে হতে পারে।
৬. ভর্তি রোগীর বিনামূল্যে খাবার সরবরাহ করা।
৭. চিকিৎসা পরামর্শে বিনা মূল্যে রক্ত, মল, মূত্র, কফ ও এক্সরে সুবিধা প্রদান(৩১ শয্যা পর্যন্ত)।
৮. ডায়রিয়া রোগীর জন্য ওআরটি কর্ণারে ২৪ ঘন্টা চিকিৎসা সেবা প্রদান।
৯. দিবা-রাত্রি ২৪ ঘন্টা প্রসূতি সেবা ও ডেলিভারীর সুবিধাসহ চিকিৎসা সেবা।
১০. বিদ্যমান সুযোগ-সুবিধায় সাধারণ ও মেজর অপারেশন সুবিধা।
১১. স্বাস্থ্য কর্মীর মাধ্যমে যক্ষমা রোগীর সরাসরি(ডেট) পদ্ধতির চিকিৎসা সেবা প্রদান।
১২. ০-১ বছর বয়সী শিশুদের সবকটি টিকা প্রদান।
১২. ১-৪৯ বছর বয়সী মহিলাদের ৫ ডোজ টিটি/টিডি টিকা প্রদান।
১৪. ০-৫ বছর বয়সী শিশুদের আইএমসিআই কর্ণারে চিকিৎসা প্রদান।
১৫. নিউমোনিয়া রোগীদের চিকিৎসা প্রদান।
১৬. হাসপাতালে আগত রোগী ও রোগীর লোকজনের স্বাস্থ্য, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য শিক্ষা প্রদান।
১৭. সক্ষম দম্পতির মধ্যে পরিবার-পরিকল্পনা পরামর্শ, দম্পতি নির্ধারনে সহায়তা প্রদান।
১৮. বিভিন্ন ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র হতে রেফারকৃত রোগীদের চিকিৎসা সেবা প্রদান এবং প্রয়োজনে জেলা হাসপাতালে রেফার করা।
১৯. ভর্তিযোগ্য রোগীদের অন্তঃবিভাগে ভর্তি ও চিকিৎসা সেবা প্রদান।

২০. সরকারী নীতির আওতায় এ্যাম্বুলেন্স সার্ভিস সকলের জন্য উন্মুক্ত (প্রযোজ্য ক্ষেত্রে)।

(উল্লেখিত সেবা সমূহ যেমন সেবা গ্রহীতার অধিকার তেমনি সেবা প্রদানকারীর ভাল ব্যবহার পাওয়াও অধিকার)